ঝিনাইদহে কিন্ডারগার্টেন এসোসিয়েশন এর আয়োজনে প্রতিকি অনশন

ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে সকাল ১০ টায় বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন এর আয়োজনে সারা বাংলাদেশে একযোগে প্রতীকী অনশন করে। ক্ষতিগ্রস্ত কিন্ডারগার্টেন স্কুলের জন্য নতুন বাজেটে আর্থিক বরাদ্দ এবং সরকার ঘোষিত ১৩ জুন শিক্ষা প্রতিষ্ঠান খোলার ঘোষণা বহাল রাখার দাবিতে ঝিনাইদহ জেলার সকল কিন্ডারগার্টেন এর শিক্ষক কর্মচারী প্রতীকী অনশন করে।
অনশনে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা কিন্ডারগার্টেন এসোসিয়েশন এর সভাপতি গোলাম মোস্তফা চঞ্চল, সহ সভাপতি শাহিনুর আলম লিটন,সাধারণ সম্পাদক বজলুর রহমান, অর্থ সম্পাদক আরেফিন অনু সহ মর্নিংবেল একাডেমি, চারুগৃহ শিশুস্বর্গ প্রি স্কুল,এজে ইন্টারন্যাশনাল স্কুল, নবগংগা একাডেমি, টুডেস একাডেমি, ইডেন একাডেমি সহ অন্যান্য কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষক শিক্ষিকাগণ। মাননীয় প্রধানমন্ত্রীর কাছে তাদের আবেদন অবহেলিত, অসহায় অবস্থার মধ্যে দিনযাপন করা কিন্ডারগার্টেন এর দিকে সদয় দৃষ্টি দিয়ে তাদের অর্থিক প্রণোদনার ব্যবস্থা সহ ১৩ জুনের পর সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে কোমলমতি শিক্ষার্থীদের মানসিক প্রতিবন্ধী হওয়া থেকে রক্ষা করা।

মেহেরপুরে শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক ওরিয়েন্টেশন কর্মশালা

“শিশু ও নারী উন্নয়নে সচেতনতা মূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)” এপ্রিল- জুন, ২০২১ শীর্ষক প্রকল্পের আওতায় নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের সমন্বয়ে ৫ দিনব্যাপী ওরিয়েন্টেশন কর্মশালা শেষ হয়েছে।

আজ বুধবার বিকেলে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ওরিয়েন্টেশন কর্মশালা সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদুল আলম। জেলা তথ্য অফিস আয়োজিত সমাপনী অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ও রিসোর্স পারসন হিসেবে বক্তব্য রাখেন- শিশু বিষয়ক জুনিয়র কনসালটেন্ট ডা. হাবিবুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন – প্রশিক্ষণার্থী সাইফুল ইসলাম ও আলেমা সুলতানা।

প্রধান অতিথির বক্তব্যে সদর উপজেলা নির্বাহী অফিসার মো. মাসুদুল আলম বলেন- চাকরির পিছনে না ছুটে প্রশিক্ষণ নিয়ে উদ্যোক্তা হন। তাহলে নিজেই কর্মসংস্থান তৈরি করতে পারবেন। আমাদের সবচেয়ে বড় সমস্যা প্রশিক্ষণ নিয়ে যেটা শিখি সেটা অন্যের সাথে শেয়ার করি না। প্রশিক্ষণ নিয়ে নিজেরা উদ্যোক্তা হয়ে অন্যদের উৎসাহিত করতে হবে।

উন্নত দেশ গড়তে হলে দূর্নীতি মুক্ত হতে হবে। কিছু কিছু প্রশিক্ষণার্থী বৃক্ষ রোপন, মাছ চাষ সব জায়গায় প্রশিক্ষণ নিতে দেখা যায়। দেশের উন্নয়ন করতে হলে আয় রোজগার করতে হবে। শুধু নিজের আয় বেশি থাকলেই দেশ উন্নয়ন হবে না। সমাজের তথা দেশের উন্নয়ন করতে হলে ব্যক্তি উন্নয়ন করতে হবে। চিত্ত বিনোদনের অভাবে আমাদের দেশের যুব সমাজ মাদকের মধ্যে ডুবে যাচ্ছে। ৪০ জন প্রশিক্ষনার্থী ওরিয়েন্টেশন কর্মশালায় অংশ গ্রহন করে।

দর্শনা ইয়ূথ এসেম্বালীর উদ্যোগে সচেতনতামূলক প্রচারণা ও মাস্ক বিতরণ এবং গাছ রোপণ

দামুড়হুদা উপজেলার করোনা ভারতীয় ভেরিয়েন্ট প্রতিরোধে দর্শনা ইয়ূথ এসেম্বালীর উদ্যোগে সচেতনতামুলোক প্রচারণা ও স্বাস্থ্যসম্মত মাক্র বিতরণ এবং গাছ লাগানো হয়।
গতকাল সকাল ১১টায় দর্শনা মাথাভাঙ্গা নদীর তীরে পৌর পার্কে

কৃষ্ণচুড়া, দেবদারু, জাম, তেতুল গাছসহ বিভিন্ন প্রজাতির গাছ লাগানো হয়েয়ে।
এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নিবার্হী কর্মকতার্ দিলারা রহমান, ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী আব্দুস সালাম, মাহাব্বুর রহমান মুকুল, সিনিয়ার প্রোগ্রাম অফিসার ইসরাইল হোসেন খান টিটু, মিরাজ উদ্দিন ও প্রোগ্রাম অফিসার পিংকি মন্ডল। এছাড়া ইয়ূত গ্রুরুপের সভাপতি সংগ্রাম হোসেন, সাধারণ সম্পাদক তুলি। সদস্য কাওছার আলী, জামিল হোসেন,বাবু প্রমুখ।

দর্শনা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে কর্মহীনদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

কোভিড-১৯ করোনা ভারতীয় ভেরিয়েন্ট প্রতিরোধে জন-সাধারনের চলাচল সীমিত করতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের আয়োজনে কর্মহীনদের মাঝে খাদ্য সামগ্রী, মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে।
সামাজিক দুরুত্ব বজায় রেখে পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামার পাড়া মাধ্যমিক বিদ্যালয়ে ১৮৫ জন ও বড়বলদিয়া স্কুল এ্যান্ড কলেজ মাঠে ১১৫ জন মোট ৩০১ জনের মধ্যে ১০ কেজি চাউল ১ কেজি লবন, ১ কেজি পিয়াজ, ১ কেজি ডাল ১ কেজি চিনি ও ২ কেজি আলু উপহার প্রদান করা হয়।
চায়ের দোকানে জন-সমাগম বন্ধ রাখতে চা-বিক্রেতাদের মধ্যে এসব খাদ্য উপহার বিতরণ করা হয়। এসব খাদ্য উপহার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা নিবার্হী অফিসার দিলারা রহমান,পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছেযারম্যান এস এ এম জাকারিয়া আলম, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুনতাজ আলী, কামার পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমানসহ পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পষিদের সকল মেম্বরগণসহ, ছাত্রলীগ, যুবলীগের নেত্রীবৃন্দ।

মেহেরপুরে নয় বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার রঘুনাথপুর আশ্রায়ন কেন্দ্রে ৯ বছর বয়সী এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে একই এলাকার আঃ সাত্তার (৫৫) নামে এক বৃদ্ধার বিরুদ্ধে। এঘটনায় শিশুটির পিতা বাবুল শেখ মেহেরপুর সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ সংশোধিত ২০০৩ ধারা একটি মামলা দায়ের করেন। যার মামলা নং-৯। শিশুর পিতা বাবুল শেখ মামলার আরজিতে জানান, তার ৯ বছর বয়সী শিশু কন্যা রাস্তার পাশে খেলা করছিল। এসময় সময় রঘুনাথপুর গ্রামের আব্দুস সাত্তার শিশুটিকে ফুঁসলিয়ে রাস্তার পাশের একটি পাট খেক্ষে নিয়ে ধর্ষণ করে। পরে ওই শিশুর মুখ বেঁধে রেখে পালিয়ে যায়। বিষয়টি জানাজানি হয়ে যাওয়ার পর থেকে আব্দুস সাত্তার পলাতক রয়েছেন।

শৈলকুপায় জাল টাকাসহ আটক ৫ জন

ঝিনাইদহের শৈলকুপায় জাল টাকাসহ ৫ ব্যক্তিকে আটক করেছে শৈলকুপা থানা পুলিশ। মঙ্গলবার সন্ধ্যা ৭ টার দিকে উপজেলার হাটফাজিলপুর এলাকা থেকে তাদেরকে আটক করা হয়েছে। জানা যায়, শৈলকূপা উপজেলার হাটফাজিলপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মোঃ সাজ্জাদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ হাটফাজিলপুর মাধ্যমিক বিদ্যালয়ের পাশ হতে ২৯ (উনত্রিশ)টি ১০০০/- (এক হাজার) টাকার জাল নোটসহ আঃ সাত্তার (৪৫) বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার মানিককাঠি গ্রামের মৃত এলেম উদ্দিন এর ছেলে, কিবরিয়া (২৮) ঝালকাঠি জেলার মৃত ওয়াজেদ এর ছেলে , মোঃ রনি (২০) ঢাকার যাত্রাবাড়ীর মৃত আফতাব এর ছেলে, সাদ্দাম হোসেন (৩০) টাংগাইল জেলার মৃত জয়নাল আবেদীনের ছেলে,ও সুমন (৩০) ঝালকাঠি জেলার আঃ লতিফ এর ছেলেসহ মোট ৫জনকে আটক করা হয়।
শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে এদেরকে গ্রেফতার করা হয়। এদের বিরুদ্ধে নিজ নিজ এলাকায় একাধিক মামলা রয়েছে। তাদেরকে কোর্টে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে নতুন করে ১৪ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। বতর্মান আক্রান্তের সংখ্যা ১১১ জন। এর মধ্যে সদর উপজেলায় ২১ জন, গাংনীতে ৫০ জন এবং মুজিবনগরে ৩৭ জন রয়েছেন। গতকাল মঙ্গলবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, আজ ৯৭ টি রিপোর্টের ফলাফল এসেছে। এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব,নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান। ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় ◌ঃ গাংনী উপজেলার চৌগাছা জোরিনা (৭০) ছাতিয়ান গ্রামের মনিরুল ইসলাম (৩১) এ্যলাঙ্গি গ্রামের লিয়াকত (৫০), এসএম প্লাজা সজীব (২৪) মেহেরপুর স্টেডিয়াম পাড়ার রোজিনা (৬৬) সদর উপজেলার বরাকপুর গ্রামেল গোলাম কাউছার (৫৪) মুজিবনগর উপজেলার দারিয়াপুর আকবর আলী (৫০), আনন্দবাস গ্রামের নজরুল (৭০), বিশ্বনাথপুর গ্রামের দেলোয়ার হোসেন (২৪) রশিকপুর গ্রামের জসিম
(৩৫) বাকি তিনজন দামুরহুদার, একজনের পরিচয় পাওয়া যায়নি।

আলমডাঙ্গায় প্রেমের প্রস্তাব না মানায় স্কুলছাত্রীকে অপহরণ

আলমডাঙ্গার ফরিদপুর জোরপূর্বক স্কুল ছাত্রীকে অপহরণ করে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত সোমবার রাতে ওই স্কুল ছাত্রীকে পূর্ণরায় তার নিজ ঘরে ঢুকে আবারো ধর্ষণের ঘটনায় আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে।

গতকাল মঙ্গলবার স্কুলছাত্রীর পিতা বাদি হয়ে এ মামলা দায়ের করে।

ধর্ষক আশরাফুল হক নয়ন (২৮) নওদাবন্ডবিল গ্রামের আনজের আলির ছেলে। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামের আশরাফুল হকের মেয়ে এম সবেদ আলি স্কুলের ৮ম শ্রেণীর ছাত্রী। বর্তমানে করোনাকালিন সময়ে স্কুল বন্ধ। স্কুল খোলা থাকাকালীন সময়ে কুমারি ইউনিয়নের নওদাবন্ডবিল গ্রামের আনজের আলির ছেলে আশরাফুল হক নয়ন। স্কুল ছাত্রী এম সবেদ আলি স্কুলে যাওয়ার পথে বিভিন্ন সময় তাকে উত্যক্ত করতো।

এছাড়া স্কুল ছাত্রীকে প্রেম নিবেদন করলে সে রাজি না হলে তাকে তুলে নিয়ে যাবার হুমকি প্রদান করতো। এ ঘটনাটি স্কুল ছাত্রী তার পরিবারের লোকজনকে জানায়। স্কুল ছাত্রীর বাবা ওই ছেলেকে তার মেয়েকে বিরক্ত করতে নিষেধ করলেও সে কোন কথা মানে না। গত ৩ জুন স্কুল ছাত্রী ভ্যান যোগে ডামোশ গ্রামে আত্নীয়র বাড়িতে যাচ্ছিলো। এসময় স্কুল ছাত্রী এরশাদপুর ব্রিজের নিকট পৌছালে প্রেমিক আশরাফুল হক নয়ন ওই গাড়ি গতিরোধ করে।

জোরপূর্বক মোটরসাইকেল তুলে পৌর এলাকার আনন্দধামের সোহেলের বাড়িতে আটকে রাখে। তাকে বিভিন্ন সময় একাধিকবার জোরপূর্বক ধর্ষণ করে। গত ৭জুন সোমবার রাত ৮ টার দিকে ওই স্কুল ছাত্রী আনন্দধামের সোহেলের বাড়ি থেকে পালিয়ে ফরিদপুর তার বাবার বাড়ি চলে আসে। এছাড়াও, স্কুলছাত্রীর পিছু নিয়ে গত ৭জুন সোমবার রাতে কৌশলে ওই স্কুল ছাত্রীর শোবার ঘরে আবারো জোরপূর্বক ধর্ষণ করে। স্কুল ছাত্রী চিৎকার দিলে এলাকার লোকজন ছুটে আসলে আশরাফুল হক নয়ন পালিয়ে যায়। এ ঘটনায় স্কুল ছাত্রীর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে অপহরণ ও ধর্ষণ মামলা দায়ের করেন।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলিকে অভিনন্দন

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলি খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ সুপার হিসেবে নির্বাচিত হওয়ায় মেহেরপুর জেলা পুলিশের পক্ষ

থেকে তাঁকে অভিনন্দন জানানো হয়েছে।
গতকাল মঙ্গলবার দুপুরের দিকে পুলিশ সুপার এস এম মুরাদ আলি অফিসে এসে পৌঁছালে মেহেরপুর জেলা পুলিশের পক্ষ থেকে তাঁকে ফুল দিয়ে অভিনন্দন জানান। অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম পুলিশ সুপার এস এম মুরাদ আলি কে ফুলেল শুভেচ্ছা জানান। এসময় ডি আই ও -১ ফারুক হোসেন, ডিবির ওসি জুলফিকার আলী, টি আই জাহাঙ্গীর আলম সহ পুলিশের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন। গত সোমবার খুলনা বিভাগীয় পুলিশ রেঞ্জ অফিসে মাসিক সভায় মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলি কে খুলনা বিভাগের শ্রেষ্ঠ পুলিশ সুপার হিসেবে ঘোষণা দেওয়া হয়

বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে পুরস্কার বিতরণ

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা অনূর্ধ্ব ১৭ খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক-এ চ্যাম্পিয়ন মেহেরপুর সদর উপজেলা এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা অনূর্ধ্ব ১৭ চ্যাম্পিয়ন মেহেরপুর সদর উপজেলা দলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম চ্যাম্পিয়ন এবং রানার্সআপ সহ সেরা খেলোয়াড় দের হাতে পুরস্কার তুলে দেন।

এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ-আল-আসাদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর রহমান, পাবলিক

প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড ইয়ারুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক আনোয়ারুল হক শাহী, আমদহ ইউনিয়নের চেয়ারম্যান আনোয়ারুল ইসলাম প্রমূখ।